

মাঠ প্রদর্শনী কেন?

নতুন প্রযুক্তি ও সম্ভাবনা সম্পর্কে কৃষক গোষ্ঠীকে সচেতন করার জন্য মাঠ প্রদর্শনী একটি কার্যকর মাধ্যম। প্রদর্শনীর ফলাফল দেখেই কৃষকরা বিভিন্ন প্রযুক্তি পরীক্ষা করে দেখতে বা সেগুলো গ্রহণ করতে উদ্বুদ্ধ হন।

প্রদর্শনী কি?

কোন প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে এর ফলাফল বাস্তবক্ষেত্রে বা মাঠ পর্যায়ে দেখানোই হচ্ছে প্রদর্শনী। বিজ্ঞানী এবং সম্প্রসারণ কর্মীগণ কৃষকের সহযোগিতায় এধরনের মাঠ প্রদর্শনী করে থাকেন।

প্রদর্শনী বাস্তবায়নে করণীয়?

- ▶ প্রয়োজন ও সম্ভাবনা যাচাই করা।
- ▶ কৃষকের চাহিদা সামনে রাখা।
- ▶ কৃষকের চাহিদা ও সম্ভাবনা নিরূপণ করার লক্ষ্যে এবং সমস্যার কারণ এবং এর প্রতিকারের জন্য কৃষকের নিকট গ্রহণযোগ্য সমাধান নির্ণয় করা।
- ▶ স্থানীয় অবস্থার প্রেক্ষিতে নতুন প্রযুক্তি অকাট্যকরণও আবশ্যিক হতে পারে। প্রযুক্তি লাগসই বলে প্রমাণিত হলেই এ ব্যাপারে কৃষকদের আগ্রহ বাড়বে এবং তারা এ সম্পর্কে আরও জানতে আগ্রহী হবেন।

ভাল প্রদর্শনীর বৈশিষ্ট্য

- ▶ সহজে পৌঁছা যাবে এমন স্থানে প্রদর্শনী করা।
- ▶ সড়ক থেকে সহজেই দৃশ্যমান হবে এবং এতে পাঠযোগ্য লেখা থাকবে; এতে যোগাযোগের ঠিকানাও থাকা চাই।
- ▶ প্রদর্শনীতে অবশ্যই নতুন ও প্রচলিত প্রযুক্তির তুলনা করার মত ব্যবস্থা রাখতে হবে।
- ▶ প্লটসমূহ বিশ্বাসযোগ্য হবার জন্য বেশ বড় হওয়া চাই।
- ▶ এলাকার মধ্যে একটি প্রতিনিধিত্বমূলক কৃষক ও মাঠ নির্বাচন হওয়া চাই।
- ▶ কৃষকসহ বিজ্ঞানী ও সম্প্রসারণ কর্মীদের মাঝে মাঝেই মাঠ পরিদর্শন করা এবং অগ্রগতি ও সমস্যা নিরূপণ করতে হবে।
- ▶ সহযোগী ও প্রতিবেশী কৃষকদের মতামত নিয়মিতভাবেই সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।
- ▶ কৃষকের অংশীদারিত্ব ও মালিকানার চেতনা সৃষ্টি হতে হবে।



চিত্র: প্রদর্শনী মাঠ পরিদর্শন

প্রদর্শনী স্থলে মাঠ দিবস

- ▶ নির্ধারিত মাঠ দিবসে অধিক সংখ্যক কৃষক ও সম্প্রসারণ কর্মীর অবগতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ▶ আলোচনার ব্যবস্থা ও কৃষকের মতামত জানা, সমালোচনা গ্রহণের জন্য প্রস্তুত থাকতে হবে এবং তা লিখে রাখতে হবে।
- ▶ কৃষকদের মতামত প্রদান মাঠ দিবসে প্রাধান্য পাওয়া আবশ্যিক। যে কোন প্রশ্নের জবাবদানেরও ব্যবস্থা থাকা চাই।
- ▶ জনপ্রতিনিধির উপস্থিতিও আবশ্যিক।



চিত্র: মাঠ দিবসে আলোচনা

আরো তথ্যের জন্যঃ

ড. মোঃ মোশাররফ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ফলিত গবেষণা বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইলঃ ardbri@dhaka.net

অধিবেশন ৩: মডিউল ১৫
ফ্যাক্ট শীট ৩